গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ
অস্থায়ী কার্যালয়
১৩, শ্যামাচরণ রায় রোড, ময়মনসিংহ
[E-mail:cevm@mymensinghvat.gov.bd]

রেজিঃ ডাকযোগে/বাহক মারফত/ই-মেইল যোগে

নথি নং: ০৮.০১.০০০০.০৩৮.০১২.০১.০০০৩.২৬ তারিখ: /০৭/২০২৬ খ্রি.

**বিষয়: Badsha Textiles Ltd., Jamirdia, Habirbari, Bhaluka, Mymensingh-2240 (BIN: 000149224-1302) নামীয় শতভাগ রপ্তানিকারক ও প্রচ্ছন্ন রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানের বিপরীতে গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর প্রযোজ্য মূসক অব্যাহতির আদেশ প্রদান।**

সূত্র: ১. প্রতিষ্ঠানের আবেদনপত্র নং-নাই, তারিখ: ০২/০৬/২০২৬ খ্রি.।
২. এ দপ্তরের সমনথির পত্র ইস্যু নং-৪১৫, তারিখ: ১৫/০৬/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। Badsha Textiles Ltd., Jamirdia, Habirbari, Bhaluka, Mymensingh-2240 (BIN: 000149224-1302) নামীয় প্রতিষ্ঠানটি কেন্দ্রীয় নিবন্ধনের আওতায় নিবন্ধিত একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানের একটি শাখা বাখরনগর, শাহজিবাজার, মাধবপুর, হবিগঞ্জ রয়েছে। প্রতিষ্ঠানটি জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেডের গ্রাহক সংকেত নং: ১৪০৬০০০৪৩, ১৪০৪০০০৫২ ও ১৪০৬০০০৪৬ এবং হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির গ্রাহক মিটার নম্বর: ২৪০৩১৬০১২৬৪৮, গ্রাহক/হিসাব নম্বর: ১০০৫০১২৯০১২৮০ এর বিপরীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. মোতাবেক গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর মূসক অব্যাহতির জন্য সূত্রোক্ত ১নং পত্রের মাধ্যমে এ দপ্তরে আবেদন করেছেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠানের শাখা সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামত সংবলিত প্রতিবেদন দাখিলের জন্য সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়।

০৩। গঠিত কমিটির সদস্যগণ উল্লিখিত প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠানের শাখা ২৩/০৭/২০২৬ খ্রি. তারিখ সরেজমিন পরিদর্শন করে ২৮/০৭/২০২৬ খ্রি. তারিখে একটি প্রতিবেদন দাখিল করেছেন। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস. আর. ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫/মূসক, তারিখ: ১৩/০৪/২০১৯ খ্রি. ও জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী গ্যাস মিটার নং : ১৭০৭৮১, ১৭৭৬১১ ও ১৭০৭৭৯ (গ্রাহক সংকেত নং: ১৪০৬০০০৪৩, ১৪০৬০০০৪৬ ও ১৪০৪০০০৫২) এবং বিদ্যুৎ মিটার নম্বর: ২৪০৩১৬০১২৬৪৮ (গ্রাহক সংকেত নং: ১০০৫০১২৯০১২৮০) এর অনুকূলে মূসক অব্যাহতির আদেশ প্রদান করা যেতে পারে মর্মে প্রতিবেদনে মতামত/সুপারিশ প্রদান করেন।

০৪। এমতাবস্থায়, আলোচ্য এস.আর.ও. এবং সাধারণ আদেশ অনুযায়ী Badsha Textiles Ltd., Jamirdia, Habirbari, Bhaluka, Mymensingh-2240 (BIN: 000149224-1302) নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো।

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৭১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ১৭০৭৮১ | ১৪০৬০০০৪৩ | ১০০% |
| | | | ১৭৭৬১১ | ১৪০৬০০০৪৬ | |
| | | | ১৭০৭৭৯ | ১৪০৪০০০৫২ | |

টেবিল-২

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ২৪০৩১৬০১২৬৪৮ | ১০০৫০১২৯০১২৮০ | ১০০% |



CamScanner

০৫। **শর্তসমূহ:**

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতিমাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠান সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তাং- ২৬/০৯/২০১৯ খ্রি. এর পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা এ আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে;

ঙ. এ আদেশ জুলাই, ২০২৬ খ্রি. মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

চ. টেবিলে বর্ণিত মিটার কোনো কারণে পরিবর্তীত হলে সাথে সাথে তা এ দপ্তরকে অবহিত করতে হবে।

০৬। তবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শর্ত পরিপালনে ব্যর্থ হলে আদেশটি বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ
[ এস. এম সোহেল রহমান ]
কমিশনার (চলতি দায়িত্ব)
E-mail:cevm@mymensinghvat.gov.bd

নথি নং: ০৮.০১.০০০০.০৩৮.০১২.০১.০০০৩.২৬/ ৬৫৭(১-১০) তারিখ: ২৯ /০৭/২০২৬ খ্রি.

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
২। দ্বিতীয় সচিব (মূসক রপ্তানি, প্রর্ত্যপন ও বকেয়া ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, ঢাকা।
৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ভালুকা বিভাগ (জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. এর অনুচ্ছেদ-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের জন্য প্রতি বিশেষ নজর রাখার জন্যও বলা হলো )।
৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরানবাজার, ঢাকা।
৫। ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৭। জেনারেল ম্যানেজার/ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, হবিগঞ্জ।
৮। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ (আপনাকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৯। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ভালুকা সার্কেল-১ (তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানি কার্যক্রম মনিটরিংপূর্বক আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো)।
১০। ব্যবস্থাপনা পরিচালক, Badsha Textiles Ltd., Jamirdia, Habirbari, Bhaluka, Mymensingh-2240 (BIN: 000149224-1302)।

Received
MIR MUHSHIUZZAMAN
01844084201

[ মোঃ ফিরোজ হোসেন বিশ্বাস ] ২৯.০৯.২৬
সহকারী কমিশনার



CamScanner